# দাপ্তরিক পরিচিতি ও কার্যক্রম সহায়িকা

জুন, ২০২০


## নগর উন্নয়ন অধিদপ্তর

রাজশাহী আঞ্চলিক অফিস, সপুরা, রাজশাহী
টেলিফোন নং-০৭২১ ৭৬১৬৮২
ইমেইলঃ spr@udd.gov.bd, uddrajshahi@gmail.com
ওয়েবসাইটঃ www.uddrajshahidiv.gov.bd

## ১. ভূমিকাঃ

নগর উন্নয়ন অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সরকারী সংস্থা। ১৯৬৫ সালের ১৭ জুলাই এক সরকারী আদেশের মাধ্যমে নগর উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। এটি নগর ও শহর পরিকল্পনার জন্য সরকারের একমাত্র কেন্দ্রীয় প্রতিষ্ঠান যার প্রধান কার্যালয় ঢাকার সেগুনবাগিচায় অবস্থিত। সৃষ্টির শুরু থেকেই নগর উন্নয়ন অধিদপ্তর দেশের ছোট, বড়, মাঝারি শহর, নগর, বন্দর ও শিল্প এলাকাসমূহের ল্যান্ড ইউজ/মাস্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার ভূমির পরিকল্পিত ব্যবহারের দিক নির্দেশনা প্রদান করে আসছে যা ঐসব এলাকার জনসাধারণের জীবনযাত্রার মান উন্নয়নে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে অবদান রাখছে। বর্তমানে রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল এবং কক্সবাজারে নগর উন্নয়ন অধিদপ্তরের মোট পাঁচটি আঞ্চলিক অফিসের কার্যক্রম চলমান আছে।

## ২. নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যাবলীঃ

(১) নগরায়ন, নগর এলাকার ভূমির সুষ্ঠু ব্যবহার ও ভূমি উন্নয়ন বিষয়ে সরকারেক পরামর্শ প্রদান করা;

(২) দেশের ৪টি মেট্রোপলিটন শহর যথাঃ ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ব্যতীত সকল নগর এলাকার মাস্টার প্ল্যান প্রণয়ন, নগর এলাকার অভ্যন্তরে এলাকা ভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার পরিকল্পনা ও অঞ্চল ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন এবং সমন্বয় সাধন করা;

(৩) নগরায়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা করা ও ভবিষ্যতে নগর উন্নয়নের ক্ষেত্রে দেশ ব্যাপী নগর উন্নয়ন সংক্রান্ত স্থান নির্ণয় করা;

(৪) নগরায়ন কর্মসূচী প্রণয়ন করা এবং এই কর্মসূচী সংশ্লিষ্ট সেক্টর এজেন্সীগুলোর উন্নয়ন মূলক কর্মকান্ডের স্থান নির্ধারনে সহযোগীতা করা;

(৫) মানব বসতি উন্নয়ন পরিকল্পনাকারী প্রতিষ্ঠান হিসাবে নগর উন্নয়ন অধিদপ্তর আন্তর্জাতিক কারিগরী সহযোগীতা বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে দেশের ফোকাল পয়েন্ট ও প্রতিরূপ সংস্থা হিসেবে কার্যাদি সম্পাদন করা;

(৬) ভৌত পরিকল্পনা এবং নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত বিষয়ে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে সেমিনার এবং ওয়ার্কশপের আয়োজন করা এবং নগরায়ন ও মানববসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয় সম্পর্কে প্রকাশনা বের করা;

(৭) পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা এবং

(৮) নগর উন্নয়ন সংশিষ্ট কর্তৃপক্ষ/সংস্থাসমূহকে তাদের অনুরোধক্রমে পরামর্শ প্রদান করা।

তাছাড়া নগর উন্নয়ন অধিদপ্তর কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির এখতিয়ারভূক্ত নিম্নলিখিত থানা যথাঃ কোতয়ালী, লালবাগ, রমনা, সূত্রাপুর, মতিঝিল, কেরাণীগঞ্জ, ধানমন্ডি, তেজগাঁও, গুলশান, মোহাম্মদপুর, মিরপুর, টংগী, রুপগঞ্জ, ক্যান্টনমেন্ট, সাভার, জয়দেবপুর, নারায়ণগঞ্জ, ফতুলা/বন্দর, সিদ্দিরগঞ্জ, নরসিংদী এবং ডেমরায় (১৯৮০ ইং সনের পর উল্লেখিত থানা বিভক্ত হয়ে কোন নতুন থানা সৃষ্টি হলে কিংবা ভবিষ্যতে আরো বিভক্ত হলে উক্ত থানা এলাকাও অন্তর্ভূক্ত হবে) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক চাহিত ভূমির পরিকল্পিত ব্যবহার বিষয়ে পরীক্ষা নিরীক্ষা সাপেক্ষে অনাপত্তিপত্র প্রদান করে থাকে।

## ৩. রাজশাহী আঞ্চলিক অফিস সৃষ্টির প্রেক্ষাপটঃ

নগর উন্নয়ন অধিদপ্তরের তত্ত্বাবধানে ন্যাশনাল ফিজিক্যাল প্ল্যানিং প্রকল্পের আওতায় বিগত ১৮/০৫/১৯৮৫ তারিখে রাজশাহী ও খুলনায় দুইটি আঞ্চলিক অফিসের কার্যক্রম শুরু হয় যা পরবর্তীতে উন্নয়ন খাত হতে রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। রাজশাহী মহানগরীর সপুরাতে রাজশাহী আঞ্চলিক অফিস যা ১৯৮৫ সাল থেকে এর কার্যক্রম পরিচালনা করে আসছে। আঞ্চলিক অফিসের অফিস প্রধান হলেন একজন সিনিয়র প্ল্যানার।

## ৪. রাজশাহী আঞ্চলিক অফিসের উল্লেখযোগ্য কার্যক্রমঃ

**৪.১ মাস্টার প্ল্যান প্রণয়নঃ** ২০০৫ সালে রাজশাহী আঞ্চলিক অফিস লালমনিরহাট জেলার পাটগ্রাম পৌরসভার ল্যান্ড ইউজ মাস্টার প্ল্যান (আংশিক) এবং ২০১৩ সালে গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার মাস্টার প্ল্যান প্রণয়ন করে।

**৪.২ গবেষণা কার্যক্রমঃ** রাজশাহী আঞ্চলিক অফিস বিগত অর্থ-বছরগুলোতে ছয়টি উল্লেখযোগ্য গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে যার সার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলোঃ

২০১৪-২০১৫: A Study of Chouhali Upazilla and It's Effects Due to River Erosion, June 2015;
২০১৫-২০১৬: রাজশাহীতে শিল্পায়নের সমস্যা ও সম্ভাবনাঃ বিসিক শিল্প এলাকা পর্যালোচনা, জুন ২০১৬;
২০১৬-২০১৭: আশির দশকে উপজেলা শহরের জন্য প্রণীত ভূমি ব্যবহার মহাপরিকল্পনা বাস্তবায়ন নিরূপণ ও পর্যালোচনা, প্রেক্ষিতঃ পুঠিয়া উপজেলা, রাজশাহী, জুন ২০১৭;
২০১৭-২০১৮: পরিকল্পিত নগরায়নের অগ্রগতি বিশেষণ প্রেক্ষিতঃ বাঘা উপজেলা, রাজশাহী, জুন ২০১৮ ও মোহনপুর উপজেলার নগরায়ন বিষয়ক গবেষণা, জুন ২০১৮ এবং
২০১৮-১৯: গোদাগাড়ী উপজেলা শহরের নগরায়ন বিষয়ক গবেষণা, জুন ২০১৯

### ৪.৩ পরিকল্পনা প্রণয়নের উদ্যোগঃ

**৪.৩.১ রংপুর ও রাজশাহী বিভাগের সমন্বিত আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনাঃ** রংপুর বিভাগের (বৃহত্তম রংপুর-দিনাজপুর অঞ্চলের) ৫৮ টি উপজেলার মোট ১৬৩১৮ বর্গ কিঃ মিঃ এলাকার জন্য "রংপুর বিভাগের সমন্বিত আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" এবং রাজশাহী বিভাগের ৬৮ টি উপজেলার সর্বমোট ১৮১৯৪ বর্গ কিঃ মিঃ এলাকা জন্য "রাজশাহী বিভাগের সমন্বিত আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন" শিরোণামে সমন্বিত দূর্যোগ সহনীয় দুইটি আলাদা আঞ্চলিক মহাপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে দুইটি প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন করা হয়েছে যা অনুমোদনের লক্ষ্যে প্রধান কার্যালয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

#### ৪.৩.১.১ প্রস্তাবিত প্রকল্পসমুহের প্রধান উদ্দেশ্যঃ

১। প্রকল্প এলাকার ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং ভূমি ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করা;

২। প্রকল্প এলাকার বিভিন্ন দূর্যোগের ঝুঁকি প্রশমন এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় সম্ভাব্য অভিযোজন কৌশল প্রণয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করে প্রকল্প এলাকাকে স্থিতিস্থাপক অঞ্চল হিসেবে গড়ে তোলা এবং সমন্বিত দূর্যোগ প্রতিরোধ ব্যবস্থাপনাসহ সুষ্ঠ নগরায়নের মাধ্যমে প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করা এবং

৩। প্রকল্প এলাকার পর্যটন শিল্পের বিকাশ এবং গ্রোথ সেন্টারসমূহের উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ বসতির ক্রমান্বয়ে একীভূতকরণের নীতিমালা এবং পরিকল্পনা প্রণয়ন করা।

**৪.৩.২ রূপপুরের পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সংলগ্ন আট উপজেলার সমন্বিত কৌশলগত দূর্যোগ সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনাঃ** বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে নির্মাণাধীন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের কেন্দ্রস্থল থেকে ২৫ কিলোমিটার ব্যাসার্ধ বিশিষ্ট এলাকাকে Emergency Planning Zone (EPZ) হিসেবে সুনির্দিষ্ট করেছেন। ভবিষ্যতে এ এলাকার সকল উন্নয়ন কর্মকান্ড পরিকল্পিত উপায়ে সম্পাদনের উদ্দেশ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Emergency Planning Zone (EPZ) সংলগ্ন আটটি উপজেলার জন্য "সমন্বিত কৌশলগত দূর্যোগ সহনীয় ভূমি ব্যবহার পরিকল্পনা" প্রণয়নের লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন করা হয়েছে। প্রকল্প প্রস্তাবনাটি অনুমোদনের লক্ষ্যে প্রধান কার্যালয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

#### ৪.৩.২.১ প্রস্তাবিত প্রকল্পের প্রধান উদ্দেশ্যঃ

(ক) প্রস্তাবিত পরিকল্পনা অঞ্চলের ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং ভূমির ব্যবহার নিয়ন্ত্রণের লক্ষ্যে নীতিমালা তৈরি করা;
(খ) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবকে হ্রাস করে বিভিন্ন ধরণের ঝুঁকি নিরসনকল্পে নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন এবং পরিকল্পনা অঞ্চলের জন্য সম্ভাব্য অভিযোজন কৌশল অবলম্বনের পরামর্শ প্রদান করা;
(গ) প্রস্তাবিত এলাকার গ্রোথ সেন্টারগুলোর উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ বসতীর ক্রমান্বয়ে একীভূতকরনের নীতিমালা এবং পরিকল্পনা প্রণয়ন করা এবং
(ঘ) প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন এবং এই অঞ্চলের জনসাধারণের জীবনমানকে সংহত ও ব্যাপক পদ্ধতিতে ভবিষ্যতের পরিবর্তনগুলোর সাথে সমন্বিত করার লক্ষ্যে পরিকল্পনা প্রনয়ন করা।

### ৪.৪ প্রস্তাবিত প্রকল্পগুলোর কাঙ্খিত ফলাফলঃ

প্রস্তাবিত প্রকল্পগুলো বাস্তবায়িত হলে প্রকল্প এলাকার দূর্যোগ ঝুঁকি বিবেচনা সাপেক্ষে সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনার মাধ্যমে নিম্নলিখিত বিষয়ে অভূতপূর্ব অর্জন সম্ভব হবে।

১। উপ আঞ্চলিক পরিকল্পনা
২। গ্রামীণ পরিকল্পনা
৩। নগর পরিকল্পন
৪। যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা
৫। কৃষি ও অর্থনীতি
৬। পর্যটন
৭। দূর্যোগ ও জলবায়ু পরিবর্তন এবং
৮। পরিবেশ ও বাস্তুসংস্থান

### ৫. সেমিনার ও ওয়ার্কশপ/মতবিনিময় সভা আয়োজনঃ

রাজশাহী আঞ্চলিক অফিস ২০১৫ সাল থেকে নিয়মিতভাবে প্রতি বছর বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপ/মতবিনিময় সভা আয়োজন করে থাকে। জুন, ২০২০ পর্যন্ত মোট সাতটি সেমিনার ও মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে।




ছবিঃ ২০২০ সালে আয়োজিত সেমিনার




ছবিঃ ২০২০ সালে আয়োজিত সেমিনা

### ৬. অংশীজন সভা/গণশুনানি আয়োজনঃ

নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস ১৯৮৪-১৯৯১ সালে প্রণীত অবাস্তবায়িত ভূমি ব্যবহার পরিকল্পনা বিষয়ে প্রতিমাসে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কার্যালয়ে একটি অংশীজন সভা/গণশুনানী আয়োজন করে থাকে। এ সভায় ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়ন না হওয়ার কারণ এবং বর্তমান প্রেক্ষাপটে করণীয় কি, তা বিশদভাবে আলোচনা করা হয়ে থাকে। ১০ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত সর্বমোট ২৬ টি উপজেলায় বিভিন্ন তারিখে অংশীজন সভা/গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে করোনা পরিস্থিতি বৈশ্বিক মহামারী আকার ধারণ করায় অদ্যাবধি অংশীজন সভা/গণশুনানি আয়োজন স্থগিত রয়েছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে আসলে পুনরায় অংশীজন সভা/গণশুনানি আয়োজন করা হবে।



ছবিঃ অংশীজন সভা/গণশুনানি, পাঁচবিবি উপজেলা, জয়পুরহাট



ছবিঃ অংশীজন সভা/গণশুনানি, চাটমোহর উপজেলা, পাবনা

## ৭. প্রশিক্ষণঃ

দাপ্তরিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণ গ্রহণের কোন বিকল্প নেই। রাজশাহী আঞ্চলিক অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রতি বছর দেশের বিভিন্ন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান থেকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ গ্রহণ করে নিজের দক্ষতা ও কর্মক্ষমতা উন্নীত করণের পাশাপাশি দাপ্তরিক সক্ষমতার উন্নয়ন করেছেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এ অন্তর্ভূক্ত "চাকরী" ও "সুশাসন" সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ চলতি অর্থ-বছরের প্রতি কোয়ার্টারে আয়োজন করা হয়েছে। এছাড়াও সকল কর্মচারীর বাৎসরিক ষাট্ট ঘন্টা বাধ্যতামূলক প্রশিক্ষণ গ্রহণ এর আওতায় প্রতি মাসে দুইটি ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে সকল কর্মকর্তা-কর্মচারীগণকে দাপ্তরিক কাজ সম্পাদনে উপযোগী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



ছবিঃ শুদ্ধাচার পরিকল্পনায় অন্তর্ভূক্ত চাকরী সংক্রান্ত প্রশিক্ষণ



ছবিঃ শুদ্ধাচার পরিকল্পনায় অন্তর্ভূক্ত সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ

## ৮. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০১৯-২০২০ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতি মাসে একটি নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে প্রতি কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে সভা/অংশীজন সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রতি কোয়ার্টারে "চাকরি ও সুশাসন" সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন; সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ; পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ; দাপ্তরিক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ; সেবা সপ্তাহ পালন; নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রধান কার্যালয়ে দাখিল এবং শুদ্ধাচার পরিবীক্ষণ কাঠামোতে নির্ধারিত বিষয়গুলোর কনটেন্ট ওয়েবসাইটে আপলোডকরণসহ সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।




ছবিঃ সেবা সপ্তাহ, ২০২০ পালন



ছবিঃ সেবা সপ্তাহ, ২০২০ পালন

## ৯. জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনঃ

জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদযাপন উপলক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর সাথে সমন্বয় সাধন করে আয়োজিত যাবতীয় র‍্যালি, আলোচনা সভা ও সেমিনারে অংশগ্রহণ করে। আরও উল্লেখ্য যে, মুজিববর্ষ ২০২০ উপলক্ষে সরকার নির্দেশিত সকল কার্যক্রম দপ্তরে সুষ্ঠুভাবে চলমান আছে।




ছবিঃ মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি অর্পণ, ২০১৯




ছবিঃ ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ, ২০১৯




ছবিঃ জাতীয় শোক দিবসে শ্রদ্ধাঞ্জলি অর্পণ, ২০১৯




ছবিঃ বিশ্ব বসতি দিবস, ২০১৯ এর র‍্যালী

## ১০. প্রচার ও বিজ্ঞাপনঃ

দাপ্তরিক পরিচিতি বৃদ্ধি তথা বিভিন্ন সভা, অংশীজন সভা/গনশুনানী, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের মধ্যে বিতরণের লক্ষ্যে চলতি অর্থ-বছরে রঙ্গিন লিফলেট ও "দাপ্তরিক পরিচিতি ও কার্যক্রম সহায়িকা, জুন ২০২০" প্রকাশ করা হয়েছে। এছাড়াও দপ্তরের যাবতীয় কার্যক্রমের স্থির চিত্র এবং ভিডিও দাপ্তরিক ওয়েব পোর্টাল ও ফেসবুক প্রোফাইলে (facebook/udd.rajshahi) নিয়মিত আপলোড করা হয়।

## ১১. সিটিজেন চার্টারঃ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# নগর উন্নয়ন অধিদপ্তর

রাজশাহী আঞ্চলিক অফিস
সপুরা, রাজশাহী।
www.udd.gov.bd

## সিটিজেন চার্টার

**ভিশনঃ** সমন্বিত নগর ও অঞ্চল পরিকল্পনা।

**মিশনঃ** দূর্যোগ ঝুঁকি ও জলবায়ু পরিবর্তনকে বিবেচনা করে জনগণের অংশগ্রহণের মাধ্যমে কৃষি জমি, জলাশয়, বনভূমি ও বাস্তুসংস্থান (Ecology) সুরক্ষা পূর্বক ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে সমন্বিত নগর ও অঞ্চল পরিকল্পনা প্রণয়ন।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানের সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তির স্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে) | শাখার নামসহ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার পদবি, কক্ষ নম্বর, জেলা/উপজেলার কোডসহ অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, কক্ষ নম্বর,জেলা/উপজেলার কোডসহ অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল |
| ১ | রাজশাহী বিভাগের প্রণয়নকৃত জেলা/উপজেলা/ পৌরসভা শহরের ল্যান্ড ইউজ মাষ্টারপ্ল্যান প্রদান। | ৩০ দিন | ১. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা বরাবর দরখাস্ত। মাধ্যমঃ সিনিয়র প্ল্যানার, রাজশাহী। ২.৫০০.০০ (পাঁচশত) টাকার ট্রেজারী চালান। | প্রযোজ্য নয় | ৫০০.০০ (পাঁচ শত) টাকার ট্রেজারী চালান ফরম এর মাধ্যমে | প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোনঃ ০৭২১৭৬০৪১৭ prl@udd.gov.bd fa_urbania@yahoo.com | সিনিয়র প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোন: ০৭২১৭৬১৬৮২ uddrajshahi@gmail.com |
| ২ | ভূমি অধিগ্রহণ বিষয়ে পরিদর্শন প্রতিবেদন | ৩০ দিন | ১. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রস্তাব। ২. সিএস, আরএস দাগসূচী ও জমির পরিমানসহ প্রশাসনিক অনুমোদন এর সত্যায়িত কপি। ৩. আরএস ম্যাপ অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির লে-আউট প্ল্যান। ৪. প্ল্যানিং কমিশন ষ্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র। ৫. প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমির মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র। | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোন: ০৭২১৭৬০৪১৭ prl@udd.gov.bd fa_urbania@yahoo.com | সিনিয়র প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোন: ০৭২১৭৬১৬৮২ uddrajshahi@gmail.com |
| ৩ | পরিকল্পনা প্রণয়ন (উপজেলা/ পৌরসভা) | ২ বছর | ১. পরিচালক বরাবর দরখাস্ত। ২. সংশিষ্ট এলাকার মৌজা ম্যাপের তফসিল। ৩. ইতোপূর্বে প্রণয়নকৃত মাষ্টারপ্ল্যানের কপি/ডাটাবেইস (যদি থাকে)। | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোন: ০৭২১৭৬০৪১৭ prl@udd.gov.bd fa_urbania@yahoo.com | সিনিয়র প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী ফোন: ০৭২১৭৬১৬৮২ uddrajshahi@gmail.com |

## ১২. নগর উন্নয়ন অধিদপ্তর (ইউডিডি), রাজশাহী আঞ্চলিক অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের প্রোফাইলঃ

| | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | ছবি |
|---|---|---|---|
| ১ | মোঃ ফখরুল ইসলাম<br>সিনিয়র প্ল্যানার (অঃদাঃ) | মোবাইলঃ ০১৭২৯-৭৩৮৫২৪<br>ই-মেইলঃ fa_urbania@yahoo.com |  |
| ২ | মোঃ আব্দুল ওয়াহাব<br>সহকারী প্ল্যানার | মোবাইলঃ ০১৯১৩-৮৫৯০৩৫ |  |
| ৩ | মোঃ আলতাফ আলী<br>সহকারী তথা হিসাব রক্ষক | মোবাইলঃ ০১৭২১-১০১৬১১<br>ই-মেইলঃ altafali1964@gmail.com |  |
| ৪ | মোঃ ছাব্বির হোসাইন<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক | মোবাইলঃ ০১৭২৯-৫৯২৪৭২ |  |
| ৫ | মোঃ রুবেল হোসেন<br>সার্ভেয়ার | মোবাইলঃ ০১৭৪১-৭৭৮১৮৪<br>ই-মেইলঃ surveyiorudd@gmail.com |  |
| ৬ | মোঃ রমজান আলী<br>রেখাকার | মোবাইলঃ ০১৭৩১-৮৬৭৯১১<br>ই-মেইলঃ khokon10011988@gmail.com |  |
| ৭ | মোঃ মাহবুব হোসেন<br>রেখাকার | মোবাইলঃ ০১৭৩৮-৬৩৬৯১১<br>ই-মেইলঃ mahbubudd@gmail.com |  |
| ৮ | মোঃ আব্দুল মান্নান মিয়া<br>অফিস সহায়ক | মোবাইলঃ ০১৭২৩-২৮২৪৯৪ |  |
| ৯ | মোঃ শহিদুল ইসলাম প্রাং<br>নিরাপত্তা প্রহরী | মোবাইলঃ ০১৭১২-৫১২৪১৮ |  |
| ১০ | মোঃ মতিউর রহমান<br>খালাসী | মোবাইলঃ ০১৯২২-২০১৭৪৪ |  |
| ১১ | মোঃ ওমর ফারুক<br>শিকল বাহক | মোবাইলঃ ০১৭৩৮-২৩২৮০০ |  |